**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ

**সংখ্যা : ১৬/২০১৭**

**ঢাকা, শুক্রবার ২০ জানুয়ারি ২০১৭, ৭ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জলবায়ু তহবিলে অর্থায়ন নিশ্চিত করতে হবে : প্রধানমন্ত্রী

২। রামপাল বিদ্যুৎকেন্দ্র সুন্দরবনের ক্ষতি করবে না
: আল গোরকে সফরে এসে দেখে যেতে বললেন প্রধানমন্ত্রী

৩। লাখ লাখ যুবশক্তির সৃজনশীলতা বিকাশে বৈশ্বিক জ্ঞানকে স্বাগত জানাব : প্রধানমন্ত্রী

৪। রাজনীতিতে জনস্বার্থকে অগ্রাধিকার দিতে রাষ্ট্রপতির আহ্বান

৫। স্বাধীনতাবিরোধীরা ধর্মের নামে সন্ত্রাস চালাচ্ছে : রাষ্ট্রপতি

৬। স্থানীয় সরকারকে শক্তিশালী করতে পারলে প্রবৃদ্ধি ৮-১০ শতাংশে উন্নীত করা সম্ভব : অর্থমন্ত্রী

৭। কারাগারে জঙ্গিদের সংগঠিত হওয়ার সুযোগ নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত ওআইসি সম্মেলনে
রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে আহ্বান বাংলাদেশের

৯। কৃষি উন্নয়নে আসছে ই-ভিলেজ প্রকল্প : চীনের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর

১০। পুরান ঢাকার রাসায়নিকের গুদাম সরবে আগামী ১ মার্চ থেকে
: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র

১১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে ভাগ করে দুই বিভাগ

১২। দ্বিতীয় পর্বের বিশ্ব ইজতেমা শুরু আজ

১৩। আজ শহীদ আসাদ দিবস

চলমান পাতা-২

**১। জলবায়ু তহবিলে অর্থায়ন নিশ্চিত করতে হবে : প্রধানমন্ত্রী**

সুখী সমৃদ্ধ বিশ্ব গড়তে জলবায়ু পরিবর্তনের ক্ষতি মোকাবিলায় আন্তর্জাতিক সম্প্রদায়কে দায়িত্ব ভাগ করে নেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জলবায়ু তহবিলে অর্থায়নের প্রতিশ্রুতি রক্ষার তাগিদ দিয়ে তিনি বলেন, জলবায়ু পরিবর্তন আমাদের অস্তিত্বের বিষয়। বাংলাদেশ পরিবেশ দূষণে কম ভূমিকা রাখলেও এ দেশকেই বেশি মূল্য দিতে হচ্ছে। লাখ লাখ মানুষ নীরবে স্থানান্তরিত হতে বাধ্য হচ্ছে। স্বল্প আয়ের ক্ষতিগ্রস্ত দেশগুলোকে রক্ষায় প্যারিস চুক্তি অবশ্যই কার্যকর করতে হবে। সুইজারল্যান্ডের ডাভোসে কংগ্রেস সেন্টারে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বার্ষিক সভায় গত ১৮ জানুয়ারি বুধবার 'লিডিং দ্য ফাইট এগেইনষ্ট ক্লাইমেট চেঞ্জ' শীর্ষক প্লেনারি সেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। বাংলাদেশকে পরিবেশ বান্ধব প্রবৃদ্ধির পথে নেওয়ার চেষ্টার কথা তুলে ধরে তিনি আরও বলেন, প্রতিশ্রুত জলবায়ু তহবিলে অর্থায়ন নিশ্চিত করতে হবে। এই অর্থের অন্তত অর্ধেক জলবায়ু ঝুঁকিতে থাকা দেশগুলোর কাছে যেতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭) **নিউ এজ** (পৃ.১,ক.৬)।

**প্রথম আলো, যুগান্তর, সমকাল, ইত্তেফাক, বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। রামপাল বিদ্যুৎকেন্দ্র সুন্দরবনের ক্ষতি করবে না : আল গোরকে সফরে এসে দেখে যেতে বললেন প্রধানমন্ত্রী**

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) বার্ষিক সভার এক আলোচনায় বাংলাদেশের সুন্দরবনের কাছে বাগেরহাটে রামপাল বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রসঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সুন্দরবন ও আশপাশের এলাকার পরিবেশ রক্ষা করেই এই কেন্দ্র করা হচ্ছে। গত ১৮ জানুয়ারি বুধবার সুইজারল্যান্ডের ডাভোসের কংগ্রেস সেন্টারে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের 'লিডিং দ্যা ফাইট এগেইনস্ট ক্লাইমেট চেঞ্জ' শীর্ষক প্যানারি সেশনে রামপাল বিদ্যুৎ কেন্দ্র নিয়ে প্রশ্ন তোলেন যুক্তরাষ্ট্রের সাবেক ভাইস প্রেসিডেন্ট পরিবেশ এ্যাক্টিভিস্ট আল গোর। প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব নজরুল ইসলাম বলেন, রামপাল নিয়ে আলোচনায় প্রধানমন্ত্রী বলেন, সুন্দরবনের প্রান্তসীমা থেকে ১৪ কিলোমিটার দূরে এবং বিশ্ব ঐতিহ্য সুন্দরবন থেকে প্রায় ৭০ কিলোমিটার দূরে ক্লিন কোল ও আধুনিক প্রযুক্তির বিদ্যুৎ কেন্দ্র করছি আমরা। সুন্দরবন ও আশপাশের ওই এলাকার পরিবেশ সংরক্ষণে আমরা সব ধরনের ব্যবস্থা নিয়েছি। প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্রের সাবেক ভাইস প্রেসিডেন্ট আল গোরকে বাংলাদেশ সফর করে রামপালে কি হচ্ছে তা দেখার প্রস্তাব দেন বলে জানান প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)। **প্রথম আলো, বাংলাদেশ টুডে, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। লাখ লাখ যুবশক্তির সৃজনশীলতা বিকাশে বৈশ্বিক জ্ঞানকে স্বাগত জানাব: প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের লাখ লাখ যুবশক্তির সৃজনশীলতা এবং উদ্ভাবনী শক্তির বিকাশে বাংলাদেশ বৈশ্বিক জ্ঞান এবং ব্যবসা-বাণিজ্যের সুযোগকে স্বাগত জানাবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশ নিজেকে উদীয়মান বৈশ্বিক জ্ঞানভিত্তিক অর্থনীতির এমন অবস্থানে তুলে এনেছে যেখান থেকে উন্নয়নের পথে নানামুখী প্রতিবন্ধকতা সত্ত্বেও আমাদের সরকার দেশকে ডিজিটালাইজেশনের পথে চালিত করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ১৯ জানুয়ারি বৃহস্পতিবার সুইজারল্যান্ডের ডাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) 'ডিজিটাল লিডারস পলিসি মিটিং অন জব' শীর্ষক সেশনে বিশেষ অতিথির ভাষণে একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.১৭,ক.৪)।

**৪। রাজনীতিতে জনস্বার্থকে অগ্রাধিকার দিতে রাষ্ট্রপতির আহ্বান**

রাজনীতিতে জনস্বার্থকে অগ্রাধিকার দিতে রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানিয়ে রাষ্ট্রপতির মো. আবদুল হামিদ বলেছেন, নীতি ও আদর্শ থেকে রাজনীতিতে যদি অর্থ-সম্পদ এবং পদবি বেশি গুরুত্ব পায় তাহলে রাজনীতি কলুষিত হয়ে পড়ে। তিনি বলেন, রাজনীতিতে উত্থান-পতন আছে এবং রাজনীতিবিদদের এটি মেনে নিয়েই তাদের লক্ষ্যে পৌঁছতে হবে। জাতীয় নেতা শহীদ এম মনসুর আলীর জন্মশতবার্ষিকী উপলক্ষে গতকাল ১৯ জানুয়ারি বৃহস্পতিবার ওসমানী মিলনায়তনে এক আলোচনা সভায় রাষ্ট্রপতি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫)**, এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬)।

**৫। স্বাধীনতাবিরোধীরা ধর্মের নামে সন্ত্রাস চালাচ্ছে : রাষ্ট্রপতি**

স্বাধীনতাবিরোধীরা দেশের উন্নয়ন ব্যাহত করতে ধর্মের নামে সন্ত্রাস চালাচ্ছে বলে মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মো. আদুল হামিদ। ১৯৯২ সালে যুদ্ধাপরাধের বিচারের দাবিতে গড়ে ওঠা একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির রজতজয়ন্ত্রী ও সপ্তম জাতীয় সম্মেলন উপলক্ষে বৃহস্পতিবার ঢাকার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি

এ কথা বলেন। ‘ধর্মনিরপেক্ষ মানবিক সমাজ গড়ে তুলুন’ এ স্লোগানকে সামনে রেখে দুই দিনব্যাপী সম্মেলনের এ আনুষ্ঠানিকতা শুরু হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.৪)।

**৬। স্থানীয় সরকারকে শক্তিশালী করতে পারলে প্রবৃদ্ধি ৮-১০ শতাংশে উন্নীত করা সম্ভব : অর্থমন্ত্রী**

স্থানীয় সরকারকে শক্তিশালী করতে পারলে প্রবৃদ্ধি ৮-১০ শতাংশে নিয়ে যাওয়া সম্ভব বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, প্রবৃদ্ধির হার ৭ শতাংশ রাখতে স্থানীয় সরকারের কাঠামো, দায়িত্ব, অর্থায়ন-এগুলো নিয়ে নতুনভাবে চিন্তা করতে হবে। তবে শক্তিশালী স্থানীয় সরকার গুরুত্বপূর্ণ হলেও এর পুনর্গঠনই বর্তমানে বড় সমস্যা। গতকাল ১৯ জানুয়ারি বৃহস্পতিবার পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ,১,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫)।

**৭। কারাগারে জঙ্গিদের সংগঠিত হওয়ার সুযোগ নেই : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, কারাগারে প্রত্যেক আসামি বা অপরাধীকে কঠোর মনিটরিংয়ের মাধ্যমে নিজস্ব বলয়ের মধ্যে রাখতে হবে। সেখানে একইসঙ্গে সবাই বসে মিটিং বা সংগঠিত হওয়ার সুযোগ নেই। বিষয়টি কারা কর্তৃপক্ষ নজরে রেখেছে। গতকাল ১৯ জানুয়ারি বৃহস্পতিবার কেরানীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগারে নতুন দুটি ওয়েব বেজড প্রিজনভ্যানের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।। সূত্র-**যুগান্তর** (পৃ.১৯,ক.৩), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪)।

**৮। মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত ওআইসি সম্মেলনে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে আহ্বান বাংলাদেশের**

রোহিঙ্গা শরণার্থীদের দ্রুত ফিরিয়ে নেওয়া এবং তাদের মৌলিক অধিকার নিশ্চিত করতে মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ। মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে গতকাল ১৯ জানুয়ারি বৃহস্পতিবার অনুষ্ঠিত ওআইসির সদস্য দেশগুলোর এক বৈঠকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এ আহবান জানান। বৈঠক উদ্বোধন করে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী নাজিব রাজাক বলেন, রোহিঙ্গাদের নির্যাতনের বিষয়টি এখন আর মিয়ানমারের অভ্যন্তরীণ বিষয় নয়। কেননা, নির্যাতনের ফলে রোহিঙ্গাদের শরণার্থী হওয়ার কারণে এ অঞ্চল অস্থিতিশীল হয়ে ওঠার আশঙ্কা রয়েছে। বৈঠকের পর এক বিবৃতিতে রোহিঙ্গা সংকটের মূল কারণ তথা তাদের নাগরিকত্ব ফিরিয়ে দিতে মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়েছেন ওআইসি। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**৯। কৃষি উন্নয়নে আসছে ই-ভিলেজ প্রকল্প : চীনের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর**

প্রযুক্তির সর্বশেষ অগ্রগতিকে কাজে লাগিয়ে দেশের কৃষি ব্যবস্থার টেকসই উন্নয়ন নিশ্চিত করতে ই-ভিলেজ নামের একটি বিশেষ প্রকল্পে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে বাংলাদেশ ও চীন। মাটির স্বাস্থ্য ও ফসলের প্রকৃত রোগ যথাযথভাবে নিরূপণ করে বিদ্যমান উৎপাদন ব্যয় কমিয়ে সর্বোচ্চ ফলন নিশ্চিত করা এটির প্রধানতম লক্ষ্য। গতকাল ১৯ জানুয়ারি বৃহস্পতিবার রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে ই-ভিলেজ প্রকল্পের ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ জন্য পরীক্ষামূলকভাবে বেছে নেওয়া হয়েছে গাজীপুরের জয়দেবপুর উপজেলার পাজুলিয়াকে।। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১০। পুরান ঢাকার রাসায়নিকের গুদাম সরবে আগামী ১ মার্চ থেকে : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র**

পুরান ঢাকার রাসায়নিকের গুদামগুলো ১ মার্চ থেকে সরানোর প্রক্রিয়া শুরু হবে বলে ঘোষণা দিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র সাঈদ খোকন। নিমতলীতে ২০১০ সালে এমন একটি গুদামে অগ্নিকাণ্ডের পর বিভিন্ন সময় রাসায়নিকের গুদাম সরানোর দাবি ওঠে। একাধিকবার সরকারের পক্ষ থেকে এ ব্যাপারে প্রতিশ্রুতি দেওয়া হয়। তবে এবারই প্রথম নির্দিষ্ট একটি তারিখ ঘোষণা করলেন ডিএনসিসির মেয়র। গতকাল ১৯ জানুয়ারি বৃহস্পতিবার শহরাঞ্চলের আগুন লাগার ঝুঁকিবিষয়ক এক গোলটেবিল আলোচনায় মেয়র সাঈদ খোকন এই ঘোষণা দেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৮,ক.৭), **যুগান্তর** (পৃ.১৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

**১১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে ভাগ করে দুই বিভাগ**

প্রশাসনিক কাজে গতি আনতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে দুটি বিভাগে ভাগ করা হয়েছে। এর একটি জননিরাপত্তা বিভাগ এবং অন্যাটি সুরক্ষা সেবা বিভাগ। গতকাল **১৯** জানুয়ারি বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। এর আগে এ সংক্রান্ত ফাইলে স্বাক্ষর করেন রাষ্ট্রপতি। আদেশে বলা হয়, রুলস অব বিজনেস অনুযায়ী প্রধানমন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পুনর্গঠন করে এ দুটি বিভাগ গঠন করেছেন। এখন দুই বিভাগে দুইজন সচিব নিয়োগ দেবে সরকার। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ,১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

**১২। দ্বিতীয় পর্বের বিশ্ব ইজতেমা শুরু আজ**

টঙ্গীর তুরাগ তীরে আজ ২০ জানুয়ারি শুক্রবার শুরু হচ্ছে বিশ্ব ইজতেমার ৫২তম আসরের দ্বিতীয় পর্ব। ফজরের নামাজের পর আমবয়ানের মধ্য দিয়ে এর আনুষ্ঠানিকতা শুরু হবে। গতকাল **১৯** জানুয়ারি বৃহস্পতিবার বাদ মাগরিব দিক নির্দেশনামূলক বয়ানের মধ্য দিয়ে ইজতেমার দ্বিতীয় পর্বের কার্যক্রম শুরু হয়। এতে বয়ান করেন ভারতের মাওলানা ওয়াহাব ও মাওলানা চেরাগ আলী। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ,১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

**১৩। আজ শহীদ আসাদ দিবস**

আজ ২০ জানুয়ারি শহীদ আসাদ দিবস। **১৯৬৯** সালের ২০ জানুয়ারি স্বৈরাচারী আইয়ুববিরোধী গণআন্দোলনের সময় ঢাকা মেডিকেল কলেজের সামনের সড়কে বুকে গুলিবিদ্ধ হয়ে নিহত হন অকুতোভয় এ ছাত্রনেতা। শহীদ আসাদ দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবস উপলক্ষে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন নানা কর্মসূচি গ্রহণ করেছে। **সূত্র-সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **প্রথম আলো** (পৃ.৪,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** সরকারি কলেজ শিক্ষকদের বদলি ও পদায়ন নীতিমালা সঠিক বাস্তবায়নের দ্বারা মফস্বল এলাকার কলেজগুলোর শিক্ষক সংকট সমাধানের সুপারিশ।

খ. **সংবাদ :** বাংলাদেশের পাটপণ্য রপ্তানিতে ভারতের অ্যান্টি-ডাম্পিং শুল্ক প্রস্তাব দুই দেশের আলোচনার টেবিলে সমাধান করার ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় মাস্তানচক্রের (গ্যাং) দৌরাত্ম্য বেড়ে যাওয়াকে গভীর সামাজিক দুর্যোগের পূর্বাভাস বলে মন্তব্য করে এই গ্যাংদের ঘাতক হওয়া এবং মরে যাওয়া থেকে রক্ষার জন্য মানবিক ও দায়িত্বশীল পদক্ষেপ নেওয়া জরুরি বলে অভিমত ।

ঘ. **যুগান্তর :** সদ্যসমাপ্ত র‌্যাবের অধিনায়কদের সম্মেলনে যেসব সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং নৈতিকতা বিষয়ে যেসব আলাপ-আলোচনা হয়েছে, সেগুলো সংস্থাটিকে একটি আদর্শ প্রতিষ্ঠানে পরিণত করতে সাহায্য করবে বলে প্রত্যাশা।

ঙ. **ইনকিলাব :** রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলো বকেয়া ঋণ আদায়ে পুনরায় কৃষকের বিরুদ্ধে মামলা দায়ের করা শুরু করেছে উল্লেখ করে জাতীয় বৃহত্তর স্বার্থে নতুন মামলা দায়ের বন্ধ করাসহ অবিলম্বে কৃষকদের বিরুদ্ধে মামলায় জারি থাকা গ্রেফতারি পরোয়ানা প্রত্যাহার করার সুপারিশ।

চ. **ইনডিপেনডেন্ট :** **৫১** বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে মাত্র **১২**টির স্থায়ী ক্যাম্পাস থাকায় অবশিষ্টদের স্থায়ী ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয় স্থানান্তরের শেষ সময়সীমা **৩১** জানুয়ারি হলেও অগ্রগতি তেমন না হওয়ায় যথাযথ কর্তৃপক্ষকে আইনানুযায়ী ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান, নিউজ টুডে, ভোরের কাগজ :** ইসি পুনর্গঠনে রাজনৈতিক দলগুলোকে রাষ্ট্রপতির সংলাপের পরামর্শ যথাযথ গুরুত্বসহ বিবেচনা করে সে অনুযায়ী পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **নিউ নেশন, যায়যায়দিন :** ঢাকা ও চট্টগ্রাম শেয়ার বাজারে গতি আসায় ফটকাবাজারদের হাত থেকে শেয়ার বাজার নিরাপদ রাখতে কর্তৃপক্ষকে সতর্কতামূলক পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে ।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা